



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ এপ্রিল ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

### দীঘিনালায় আটক ব্যক্তির ইউপিডিএফ'র সদস্য নয়

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর দীঘিনালা উপজেলা ইউনিটের প্রধান সংগঠক অতুল চাকমা আজ ৮ এপ্রিল ২০১৭, শনিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে খাগড়াছড়ির দীঘিনালায় গত শুক্রবার ভোর রাতে সেনাবাহিনী কর্তৃক আটক ৫ ব্যক্তিকে 'ইউপিডিএফের শীর্ষ সন্ত্রাসী' আখ্যায়িত করে বিভিন্ন মিডিয়ায় যে খবর প্রকাশিত হয়েছে তা সত্য নয়। আটককৃতরা কেউই ইউপিডিএফ'র সদস্য নয়, তারা ব্যবসায়ী ও খেটে-খাওয়া সাধারণ গ্রামবাসী। তাদের কাছ থেকে অস্ত্র বা বেআইনী জিনিসপত্র পাওয়ার দাবিও সর্বের মিথ্যা।

বিবৃতিতে তিনি বলেন, আটককৃতদের মধ্যে প্রজ্ঞান জ্যোতি চাকমা, ধর্ম জ্যোতি চাকমা ও ইয়াকুব আলী এই তিন জন কাঠ ব্যবসার সাথে যুক্ত। ব্যবসা করে তারা জীবিকা নির্বাহ করে থাকেন। এছাড়া এলাকার মুন্স্কী হিসেবে প্রজ্ঞান জ্যোতি ও ধর্ম জ্যোতি চাকমা বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে প্রতিনিধিত্ব করে থাকেন।

আটক অপর দুই জনের মধ্যে বাপ্পী চাকমা ব্যাটারি চালিত অটো রিক্সা (টমটম) চালিয়ে জীবিকা নির্বাহ করেন এবং অনিল কান্তি চাকমা (জরিপ্যা) একজন চাষী। তিনি বাপ্পী চাকমার শ্বশুর হন।

পার্বত্য চট্টগ্রামে সাধারণ পাহাড়ি জনগণ চরম নিরাপত্তাহীনতার মধ্যে বসবাস করতে বাধ্য হচ্ছেন উল্লেখ করে তিনি বলেন, অন্যায় আটকের হাত থেকে মুন্স্কী, ব্যবসায়ী, চাকুরিজীবী, শিক্ষার্থী কেউই রেহায় পাচ্ছে না। সাধারণ মানুষকে রাতের আঁধারে ঘর থেকে তুলে এনে হাতে অস্ত্র-গুলিসহ বিভিন্ন বেআইনী জিনিসপত্র গুঁজে দিয়ে 'সন্ত্রাসী' সাজিয়ে একটি বিশেষ মহল ফায়দা লুটার কাজে মত্ত রয়েছে। মূলতঃ এভাবে 'দক্ষতা' প্রমাণ করে প্রমোশন পাওয়ার আশায় নিরীহ মানুষকে বলি দেয়া হচ্ছে।

ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল উল্লেখ করে বিবৃতিতে তিনি বলেন, ইউপিডিএফ গণতান্ত্রিক রাজনীতিতে বিশ্বাসী। গঠনলব্ধ থেকেই ইউপিডিএফ গণতান্ত্রিকভাবেই তার কার্যক্রম চালিয়ে আসছে। সংগঠনকে বেকায়দায় ফেলার লক্ষ্যে পার্বত্য চট্টগ্রামের বিশেষ মহলটি উদ্দেশ্যপ্রণোদিতভাবে ইউপিডিএফকে 'সন্ত্রাসী' হিসেবে আখ্যায়িত করে পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জনগণের ন্যায়সঙ্গত আন্দোলনকে দমিয়ে রাখার অপচেষ্টায় মরিয়া হয়ে উঠেছে।

বিবৃতিতে তিনি উক্ত ব্যক্তিদের আটক করার সময় তল্লাশির নামে প্রজ্ঞান জ্যোতি চাকমার বাড়ি থেকে ২ লক্ষাধিক ও ধর্ম জ্যোতি চাকমার ভাইয়ের বাড়ি থেকে ১ লক্ষাধিক টাকা লুট করা হয়েছে বলে আটককৃতদের পরিবারের সদস্যদের বরাত দিয়ে অভিযোগ করেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে আটককৃতদের বিনাশর্তে মুক্তি, অন্যায় ধরপাকড়, রাত-বিরাতে ঘরবাড়িতে তল্লাশিসহ নিপীড়ন-নির্যাতন বন্ধের জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।